গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামইরহাট,নওগাঁ।
www.dhamoirhat.naogaon.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪২৮.০০০.০৯-০০৮.(গ্রামপুলিশ নিয়োগ)২১.১২১৩ তারিখঃ২০-১২-২০২১

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

এতদ্বারা উপজেলাধীন নিম্নে উল্লিখিত ইউনিয়ন পরিষদের শুণ্য পদে গ্রাম পুলিশ (মহল্লাদার ) নিয়োগের জন্য স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ) আইন,২০০৯ ( ২০০৯ সনের ৬১ নং আইন) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণিত বিধিমালা 'স্থানীয় সরকার ( ইউনিয়ন পরিষদ ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর ৩(১) (ক),৪)১)(ক)-(ঘ), (২),(৩),৬.৭(১)(২)(৩) এবং *(১), (২) ও (৩) বিধি মোতাবেক এবং ০৩ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখের এস, আর ও নং ২৩২-আইন/ ২০১৭ জারিকৃত সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী ধামইরহাট উপজেলার নিম্নে উল্লেখিত ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | ওয়ার্ড নম্বর | শূণ্য পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বেতন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ইউপি অংশ | সরকারী অংশ | সর্বসাকুল্যে বেতন |
| ০১। | ধামইরহাট ইউপি | ০৯ | মহল্লাদার | ০১ | ৩২৫০/- | ৩২৫০/- | ৬৫০০/- |
| ০২। | আলমপুর ইউপি | ০১ | মহল্লাদার | ০১ | ৩২৫০/- | ৩২৫০/- | ৬৫০০/- |
| ০৩। | উমার ইউপি | ০৫ | মহল্লাদার | ০১ | ৩২৫০/- | ৩২৫০/- | ৬৫০০/- |
| ০৪ | জাহানপুর ইউপি | ০৫ | মহল্লাদার | ০১ | ৩২৫০/- | ৩২৫০/- | ৬৫০০/- |
| ০৪। | খেলনা ইউপি | ০১ | মহল্লাদার | ০১ | ৩২৫০/- | ৩২৫০/- | ৬৫০০/- |

**শর্তসমূহঃ**

১। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী (পুরুষ/ মহিলা) বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীকে আবেদনের সঙ্গে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত চরিত্রগত সনদপত্র প্রদান করতে হবে।

৩। প্রার্থীর বয়সসীমা ২০-১২-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

৪। প্রার্থীকে আবেদনের সঙ্গে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি দিতে হবে।

৫। প্রার্থীকে আবেদনের সঙ্গে নাগরিকত্বের সনদ পত্র জমা দিতে হবে।

৬। আবেদনের সঙ্গে ১০০/- টাকার ব্যাংক ড্রাফ্ট/ পে অর্ডার, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ মহল্লাদার ও দফাদার পদোন্নতি কমিটি, ধামইরহাট, নওগাঁ এর অনুকূলে আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

৭। প্রার্থীকে আবেদনে পূর্ণ জীবন বৃত্তান্ত উল্লেখ করতে হবে।

(ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতার মূল/ সত্যায়িত কপি (জ) নাগরিকত্ব সনদ পত্র (ঝ) ছবি ০৩(তিন) কপি রঙ্গিন (ঞ) চরিত্রগত সনদ পত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত) (চ) অভিজ্ঞতা যদি থাকে।

৮। কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। ত্রুটিপূর্ণ ও অসম্পন্ন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। আগামী ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ মহল্লাদার নিয়োগ ও দফাদার পদোন্নতি কমিটি, ধামইরহাট, নওগাঁ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।

১১। অগ্রিম আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

১২। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি পাস হতে হবে।

১৩। পুরুষ প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ফুট ২ ইঞ্চি হতে হবে।

১৪। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রাসরণ) হতে হবে।

১৫। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ওজন ৫০ কেজি হতে হবে।

১৬। মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট হতে হবে।

১৭। মহিলা প্রার্থীর ক্ষেত্রে বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রারণ) হতে হবে।

১৮। মহিলা প্রার্থীর ওজন ৪৫ কেজি হতে হবে।

১৯। অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশ ( দফাদার ও মহল্লাদার) এর পুত্র কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

২০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

২১। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০/১২/২০২১


গনপতি রায়
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ মহল্লাদার নিয়োগ ও
দফাদার পদোন্নতি কমিটি
ধামইরহাট, নওগাঁ।
টেলিফোনঃ ০২৫৮৮৮৮৬০০১( দপ্তর)
e-mail.unodhamoirhat@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামইরহাট,নওগাঁ।
www.dhamoirhat.naogaon.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪২৮.০০০.০৯-০০৮.২১.১২১৩ তারিখঃ ২০-১২-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, নওগাঁ।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামইরহাট,নওগাঁ।

৪। অফিসার ইনচার্জ, ধামইরহাট থানা।

৫। উপজেলা ..............................কর্মকর্তা, ধামইরহাট,নওগাঁ ( নোটিম বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য।

৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,ধামইরহাট,নওগাঁ ( নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য)।

৭। চেয়ারম্যান, ইউপি (সকল), ধামইরহাট,নওগাঁ।

৮। ইউপি সচিব, ধামইরহাট ইউপি, আলমপুর ইউপি, উমার ইউপি,জাহানপুর ইউপি এবং খেলনা ইউপি, ধামইরহাট,নওগাঁ । তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান এবং হাট-বাজারে বহুল প্রচার করতঃনিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।

৯। ......................................................................................................।

১০। নোটিশ বোর্ড/ সংশ্লিষ্ট ইউপি হাটসমূহ।

২০/১২/২০২১


গনপতি রায়
উপজেলা নির্বাহী অফিসার
ধামইরহাট, নওগাঁ।
টেলিফোনঃ ০৭৪২৪-৫৬০০১( দপ্তর)
e-mail.unodhamoirhat@mopa.gov.bd

# "আবেদনের নমুনা"

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ মহল্লাদার নিয়োগ ও
দফাদার পদোন্নতি কমিটি
ধামইরহাট,নওগাঁ।

বিষয় ঃ গ্রাম পুলিশ মহল্লাদার পদে চাকুরীর জন্য আবেদন।

জনাব

সবিনয় নিবেদন এই যে, আপনার কার্যালয়ের ২০-১২-২০২১ তারিখের ১২১৩ নম্বর স্মারক মারফত জানতে পারলাম যে,ধামইরহাট উপজেলাধীন ....................ইউনিয়নে গ্রাম পুলিশ পদে কিছু সংখ্যক লোক নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন প্রার্থী হিসেবে আবেদন করছি। নিম্নে আমার জীবন বৃত্তান্ত প্রদত্ত হলো:

১। নামঃ

২। পিতার নামঃ

৩। মাতার নামঃ

৪। বর্তমান ঠিকানাঃ

(ক) গ্রাম (খ) ডাকঘর (গ) উপজেলা (ঘ) জেলা ।

৫। স্থায়ী ঠিকানাঃ

(ক) গ্রাম (খ) ডাকঘর (গ) উপজেলা (ঘ) জেলা ।

৬। জন্ম তারিখঃ ( ২০-১২-২০২১ তারিখে ১৮- ৩০ বছর) ।

৭। শিক্ষাগত যোগ্যতাঃ

৮। নাগরিকত্ব ঃ বাংলাদেশী

৯। ছবি ০৩ (তিন) (কপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

১০। চরিত্রগত সনদ ঃ (কপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

১১। অভিজ্ঞতা ( যদি থাকে) ।

১২। ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফ্ট ( ব্যাংক ড্রাফ্ট নং , তারিখ ও টাকার পরিমান)

অতএব, মহোদয় আমাকে উক্ত পদে নিয়োগ প্রদান করলে আমি আমার কর্তব্য ও দায়িত্ব নিষ্ঠার সহিত পালনে সদা সচেষ্ট থাকব।

নিবেদক

মোঃ / শ্রী.........................।
পিতার নামঃ
গ্রামঃ
ডাকঘরঃ
উপজেলাঃ
জেলা ঃ

স্থান ও তারিখ